গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা
www.sylhetdiv.gov.bd

নম্বর ০৫.৪৬.০০০০.০০৪.১১.০০২.১৭.২৭৩ তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০৯ মার্চ ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সিলেট বিভাগের আওতাধীন সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০/- | ১৫<br>(পনেরো) টি | (ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা<br>(গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে কমপক্ষে বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ । |
| ০২ | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০৩<br>(তিন) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |
| ০৩ | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০<br>৮,২৫০-২০,০১০/- | ০৪<br>(চার) টি | স্বীকৃত শিক্ষাবোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে :

(১) প্রার্থীর বয়সসীমা **২১/০৩/২০২১খ্রি:** তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে।তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাগণের পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে বিভাগীয় কমিশনার অফিসের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

(৩) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

(৫) নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের জন্য নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

(৬) চাকুরির জন্য আবেদন অনলাইনে আগামী **২১ মার্চ ২০২১** তারিখ সকাল ১০:০০ টা হতে **০৯ এপ্রিল ২০২১** তারিখ বিকাল ০৫:০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

(৭) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

(০৭) আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (স্পষ্ট নাম ও পদের সিলসহ) নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :-

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি ;

(খ) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/ সাময়িক সনদের ফটোকপি ;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি (সত্যায়নের প্রয়োজন নেই);

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্ব সনদের ফটোকপি;

(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ (যে কোন একটি);

(চ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতি এবং আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদ।

(জ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্রের সনদ;

(০৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের আবেদনকারীগণ ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং-১-০৭৪১-০০০০-২০৩১-তে ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

(০৯) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের অফিস সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ পদ হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি পরিবর্ধন ও পরিমার্জন, বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১০) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(১১) কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণ-কে লিখিত, ব্যবহারিক, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

(১৩) মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত কাগজ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(১৪) কোন প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

(১৫) লিখিত, ব্যবহারিক, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

(১৬) শূন্য পদের সংখ্যা বৃদ্ধি পেলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই বিজ্ঞাপনের বিপরীতে আবেদনকারীগণের মধ্য হতে পূরণ করা হবে।

০৪|০১|২০২

মো: ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা।
০৪১-২৮৫০০৩৫ (অফিস)
০৪১-২৮৫০০৩৬ (ফ্যাক্স)
divcomkhulna@mopa.gov.bd